20 APR 2016

# জবির তিন শিক্ষককে অব্যাহতির প্রতিবাদে মানববন্ধন

**নিজস্ব প্রতিবেদক ▷**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকর্তা বিভাগের শিক্ষক মীর মোশারেফ হোসেনসহ (রাজীব মীর) তিন শিক্ষককে অব্যাহতির সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে মানববন্ধন করেছে বিভাগের সাধারণ শিক্ষার্থীরা।

গতকাল মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনের সামনে এই কমসূচি পালিত হয়।

মানববন্ধনে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা বলে, বিভাগের নবীনবরণ অনুষ্ঠানকে কেন্দ্র করে বিরোধের জের ধরে ওই তিন শিক্ষককে স্নাতকোত্তর শ্রেণির পাঠদান থেকে অব্যাহতি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। কোনো কারণ দর্শানোর নোটিশ ছাড়াই নিয়মবহির্ভূতভাবে স্নাতকোত্তর শ্রেণির শিক্ষা কার্যক্রম থেকে তাঁদের এই অব্যাহতি দেওয়া হয়।

এদিকে এই ঘটনায় বিভাগের স্নাতকোত্তর শ্রেণির শিক্ষা কার্যক্রম থেকে অব্যাহতি পাওয়া তিন শিক্ষককে ডেকেছে এ ব্যাপারে গঠিত তদন্ত কমিটি। গতকাল বিকেল ৪টায় অব্যাহতি পাওয়া তিন শিক্ষকের সঙ্গে তদন্ত কমিটির সদস্যরা কথা বলেছেন। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষকে প্রধান করে সব অনুষদের ডিন ও রেজিস্ট্রারকে নিয়ে গঠিত হয়েছে এ তদন্ত কমিটি।

এ ব্যাপারে জানতে চাইলে মীর মোশারেফ হোসেন কালের কণ্ঠকে বলেন, 'আমার সঙ্গে পুরোপুরি অন্যায় করা হয়েছে। অভিযোগকারী ওই ছাত্রীর ব্যাপারে যা বলা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা।'

এ বিষয়ে জবির উপাচার্য অধ্যাপক মীজানুর 'রহমান সাংবাদিকদের বলেন, 'সাংবাদিকতা বিভাগের কয়েকজন ছাত্রী সহযোগী অধ্যাপক মীর মোশারেফ হোসেনের বিরুদ্ধে লিখিত অভিযোগ করেছে।'